# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তির জন্য বাহনের উপর নফল সালাত আদায় করা বৈধ, যদিও কিবলা তার পিছন দিকে থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُسَافِرِ أَنْ يُصَلِّيَ النَّافِلَةَ عَلَى رَاحِلَتِهِ وَإِنْ كَانَتِ الْقِبْلَةُ وَرَاءَ ظَهْرِهِ

আরবী

2512 - أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ ثَوْبَانَ قَالَ: حَدَّثَنِي جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةٍ فَكَانَ يُصَلِّي تطوُّعاً عَلَى رَاحِلَتِهِ مُسْتَقْبِلَ الْمَشْرِقِ فَإِذَا أَرَادَ أَنْ يُصَلِّيَ الْمَكْتُوبَةَ نَزَلَ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ.

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2512 | خلاصة حكم المحدث: حسن لغيره - ((التعليق على صحيح ابن خزيمة)) (1263).

বাংলা

২৫১২. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা একবার একটি যুদ্ধে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। অতঃপর তিনি তাঁর বাহনের উপর পূর্বদিকে মুখ করে নফল সালাত আদায় করতেন। আর যখন ফরয সালাত আদায় করার ইচ্ছা করতেন, তখন তিনি বাহন থেকে নামতেন এবং কিবলামুখী হতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১২৬৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৫১০; দারেমী: ১/৩৫৬; সহীহ আল বুখারী: ৪০০; সুনান বাইহাকী: ২/৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ্ ইবনু খুযাইমাহ: ১২৬৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91838

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন